

=০২=

ঢাকা ওয়াসা

- ১। সাঃপাঃশোঃ ফেজ-১ (পরিচালন) বিভাগের অনুকূলে ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।
- ২। Technical Specification of Aluminums Sulphate
- ৩। Alum Consumption report during last five year and present stock position of SWTP-2
- ৪। সায়েদাবাদ পানি শোধনাগারের কাজের পরিধি বিভাজনের অফিস আদেশ।
- ৫। আলোচ্য কাজের কোটেশন এর জন্য সরবরাহকারী প্রতিষ্ঠান বরাবর পত্র।
- ৬। প্রাপ্ত কোটেশন এবং কম্পারিজন রিপোর্ট।
- ৭। আলোচ্য ক্রয় কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Procurement of 800 Metric Ton Aluminium Sulphate for Water Treatment of SWTP Phase-2 (Package-01/2026-27) ক্রয় কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।


০১। সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৭ পর্যন্ত দয়া করে দেখা যেতে পারে। সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ হতে প্রতিদিন ২২.৫ কোটি লিটার এর অধিক পরিশোধিত পানি ঢাকা মহানগরীতে সরবরাহ করা হয় এবং শূষ্ক মৌসুমে প্রি-ট্রিটমেন্ট প্ল্যান্ট মিটিয়োর এর মাধ্যমে প্রতিদিন ৪৫ কোটি লিটার এর অধিক প্রাক পরিশোধিত পানি সাপাশো ফেজ-১ ও সাপাশো ফেজ-২ এর কনভেনশনাল ট্রিটমেন্ট প্ল্যান্টে সরবরাহ করা হয়। পানি পরিশোধন কাজে অন্যতম রাসায়নিক উপাদান হিসাবে এ্যালুমিনিয়াম সালফেট ব্যবহার করা হয়। বর্তমানে “Raw” ওয়াটারের গুণগত মান অনুযায়ী প্রতিদিন ৮-১০ মেট্রিক টন করে এ্যালুমিনিয়াম সালফেট ব্যবহার হচ্ছে। ২৯/১২/২০২৫ ইং তারিখ মোতাবেক ৩৫০ মেট্রিক টন এ্যালুমিনিয়াম সালফেট সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগের কেমিক্যাল ভান্ডারে মজুদ রয়েছে (ক্রমিক নং-০৩)। এছাড়া ২০২৪-২৫ অর্থ বছরের ০১ (এক) টি প্যাকেজ এর কার্যাদেশের আলোকে ২০০ মেট্রিক টন এ্যালুমিনিয়াম সালফেট সরবরাহ নেয়া বাকী রয়েছে। ২০২১, ২০২২, ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালের এ্যালুমিনিয়াম সালফেট এর ব্যবহার পর্যালোচনা করলে দেখা যায় যে, শূষ্ক মৌসুমে প্রতি মাসে পানি পরিশোধন কাজে ২৫০-৩৫০ মেট্রিক টন এবং বর্ষা মৌসুমে ১২০-১৮০ মেট্রিক টন এ্যালুমিনিয়াম সালফেট ব্যবহৃত হয়। চলমান শূষ্ক মৌসুমে পানি পরিশোধনের জন্য বিভাগীয় ভান্ডারে কমপক্ষে ৮০০ মেট্রিক টন এ্যালুমিনিয়াম সালফেট মজুদ থাকা প্রয়োজন। উক্ত ৮০০ মেট্রিক টন এ্যালুমিনিয়াম সালফেট সরবরাহকারীর নিকট হতে ২ (দুই) ধাপে (প্রতি ধাপে ৪০০ মেট্রিক টন) সরবরাহ নেয়া যেতে পারে এবং প্রতি ধাপে একবার করে বুয়েট টেস্ট, ঢাকা ওয়াসার কেন্দ্রীয় মান নিয়ন্ত্রণ ইউনিট ও নিজস্ব ব্যবস্থাপনায় মান নিয়ন্ত্রণ বিভাগের অধীনে পরীক্ষা করা হবে। উল্লেখ্য, প্রতি ধাপে মালামাল সরবরাহের সময়ে ০১টি করে নিরীক্ষা টীম প্রস্তুতকারকের কারখানা পরিদর্শন করবে। উল্লেখ্য যে, এ্যালুমিনিয়াম সালফেট (এলাম) উৎপাদনকারী প্রতিষ্ঠান সমূহ ইউক্রেন, রাশিয়া, আরব আমিরাত, ইরান, সৌদি আরব এবং ভারতসহ বিভিন্ন দেশ থেকে সালফার ও হাইড্রেট (Hydrate) আমদানি করে থাকে। সাম্প্রতিক সময়ে এ্যালুমিনিয়াম সালফেট (এলাম) এর বাজারমূল্য উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। আন্তর্জাতিক ও স্থানীয় বিভিন্ন কারণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। বিশেষ করে মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে কাঁচামাল সরবরাহে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। যার ফলে আন্তর্জাতিক বাজারসহ স্থানীয় বাজারে বিভিন্ন পণ্যের মূল্য এবং প্রাপ্যতায় অস্থিরতা দেখা দিয়েছে। বর্তমানে বিশ্বে জ্বালানী সংকটের কারণে আন্তর্জাতিক জাহাজ ভাড়া (Freight Charge) উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। আন্তর্জাতিক বাজারে জ্বালানী তেলের মূল্য বৃদ্ধির ফলে উৎপাদন, পরিবহন ও সরবরাহ ব্যবস্থার প্রতিটি ধাপে খরচ বেড়েছে। এছাড়াও, বৈশ্বিক সরবরাহ শৃঙ্খলে বিঘ্ন, কাঁচামালের সীমিত প্রাপ্যতা, বন্দর জট, আমদানি সংক্রান্ত শুল্ক ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় বৃদ্ধি প্রভৃতি কারণেও এ্যালুমিনিয়াম সালফেট (এলাম) এর মূল্য অস্বাভাবিকহারে বৃদ্ধি পেয়েছে। আলোচ্য কাজটি সম্পাদনের জন্য ম্যানুফ্যাকচারার কোম্পানী সমূহকে দর প্রেরণের জন্য পত্র দেয়া হয়। ম্যানুফ্যাকচারার কোম্পানী সমূহ হতে প্রাপ্ত কোটেশন এবং কম্পারিজন রিপোর্ট এর ভিত্তিতে একটি বিভাগীয় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-০৭)। এতে, প্রতি মেট্রিক টন টাঃ ৭৬,০০০/- (ছিয়াত্তর হাজার) মাত্র দরে ৮০০ মেট্রিক টন এ্যালুমিনিয়াম সালফেট ক্রয় বাবদ টাঃ ৬,০৮,০০,০০০/- (ছয় কোটি আট লক্ষ) মাত্র এবং রিলেটেড সার্ভিস বাবদ টাঃ ৮০,০০০/- (আশি হাজার) টাকা সহ উক্ত ক্রয় কাজের প্রাক্কলন সর্বমোট ৬,০৮,৮০,০০০/- (টাঃ ছয় কোটি আট লক্ষ আশি হাজার) মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৬-২৭ ইং অর্থ বছরের “রসায়ন” খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০২। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ (ওএন্ডএম) এর জন্য ৮০০ মেট্রিক টন অ্যালুমিনিয়াম সালফেট (প্যাকেজ-০১/২০২৬-২৭) ক্রয় কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা ও প্রতিযোগিতা বৃদ্ধির লক্ষ্যে কাজটি পিপিআর ২০২৫ এর বিধি ৭৮(১) অনুসারে উন্মুক্ত দরপত্র e-GP (OTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে।

০৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Procurement of 800 Metric Ton Aluminium Sulphate for Water Treatment of SWTP Phase-2 (Package-01/2026-27) ক্রয় কাজে উপস্থাপিত সর্বমোট ৬,০৮,৮০,০০০/- (টাঃ ছয় কোটি আট লক্ষ আশি হাজার) মাত্র আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ আগামী ২০২৬-২৭ ইং অর্থ বছরের সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন) বিভাগ এর “রসায়ন” খাতে অর্ন্তভুক্ত করতঃ পিপিআর ২০২৫ এর বিধি ৭৮(১) অনুসারে উন্মুক্ত দরপত্র e-GP (OTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন দেয়া যেতে পারে।
উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনা অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।


২৯/০৩/২৬

মোঃ হাফিজুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।



২৯/৩/২৬

মোহাম্মদ জসিম উদ্দিন
সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।


২৯/৩/২৬


মোঃ এমরানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

SE, WSTP



২৯/০৩/২০২৬

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।





০২/০৪/২০২৬


শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।


০২/০৪/২০২৬
১৫২(০২৫)


মোঃ মিজানুল হক
(অতিরিক্ত সচিব)
উপব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম)
অতিরিক্ত দায়িত্ব
ঢাকা ওয়াসা।


০২/০৪/২০২৬


মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।




৪) সহকারী-আইসি (অফিস)






০৭/০৪/২০২৬

মিজা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অদোঃ)
ঢাকা ওয়াসা।


২২/০৪/২৬

মোঃ এমরানুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
নথি. প্রেরণের তারিখ: ২৯/৩/২৬
স্মারক: ১৫২(০২৫)



৩৫
০২/০৪/২০২৬
সিসি